তারিখ 22 AUG ... পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# কুবির সেই শিক্ষকের ছুটি প্রত্যাহার

■ নিজস্ব প্রতিবেদক, *কুমিল্লা*

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রভাষক মাহবুবুল হক ভূঁইয়ার বাধ্যতামূলক ছুটি প্রত্যাহার করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার মো. মুজিবুর রহমান মজুমদার স্বাক্ষরিত এক অফিস স্মারকে এ তথ্য জানানো হয়।

অফিস স্মারকে বলা হয়েছে, গত ২০ আগস্ট থেকে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত মাহবুবুল হক ভূঁইয়াকে যে ছুটি দেওয়া হয়েছিল তা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দাবি এবং উদ্ভূত পরিস্থিতি বিবেচনা করে কর্তৃপক্ষের আদেশক্রমে প্রত্যাহার করা হলো।

শোক দিবসে ওই শিক্ষক ক্লাস নিয়েছিলেন কি-না তা যাচাইয়ে তদন্ত কমিটি এখনও বহাল রয়েছে। গতকাল সন্ধ্যায় এ রিপোর্ট লেখার সময় শিক্ষক সমিতির সভাপতি ড. মো. আবু তাহের বলেন, এই তদন্ত কমিটি প্রত্যাহারের জন্য উপাচার্যকে বলা হলেও প্রত্যাহার হয়নি। শিক্ষক সমিতির সভায় পরবর্তী করণীয় নির্ধারণ হবে। এদিকে বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদ এবং শিক্ষক সমিতি সকাল থেকেই ■ পৃষ্ঠা ৪ : কলাম ৮

## কুবির সেই শিক্ষকের

[১৯ পৃষ্ঠার পর]

ছুটি প্রত্যাহারের দাবিতে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করে। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম মাজেদ বলেন, আমরা আবার আন্দোলনে যাব কি-না কেন্দ্রীয় ছাত্রলীগের সঙ্গে কথা বলে সিদ্ধান্ত নেওয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
স্বাক্ষর